

## স্যর লুই ব্লে-এর জন্মদিনে দিব্যাঙ্গদের সহায়ক সবঞ্জাম প্রদান

নয়াদিল্লি, ০৫ জানুয়ারি, ২০১৭

কেন্দ্রীয় সামাজিক ন্যায়বিচার ও ক্ষমতায়ন মন্ত্রী শ্রী থাওয়ার চাঁদ গেহেলাত বুধবার নয়াদিল্লিতে স্যর লুই ব্লে-এর জন্মদিন উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে দৃষ্টিহীন ছাত্রছাত্রীদের ২৭০টি স্মার্টফোন ও ৪০টি ডেইজি প্লেয়ার বিতরণ করেন। মন্ত্রকের বিশেষভাবে সক্ষম ব্যক্তি বা দিব্যাঙ্গজনদের জন্য চালু এডিআইপি প্রকল্পের আওতায় প্রতিবন্ধী সহায়ক ঐ উপকরণগুলি দেওয়া হয়। দৃষ্টিহীনদের জন্য যে জাতীয় সংগঠন রয়েছে, তার বৃত্তি প্রকল্পের আওতায় ৬৬ জন ছাত্রছাত্রীর প্রত্যেককে পাঁচ লক্ষ টাকার চেক দেওয়া হয়।

এই উপলক্ষে শ্রী গেহেলাত বলেন, 'সবার সঙ্গে সবার বিকাশ' - এই লক্ষ্যকে সামনে রেখে সমাজের প্রতিটি শ্রেণীর মানুষের সার্বিক উন্নয়নে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। বিশেষভাবে সক্ষম ব্যক্তিদের ক্ষমতায়নের ক্ষেত্রে তাঁর মন্ত্রক যে চারটি বিশ্ব রেকর্ড গড়েছে তার কথা উল্লেখ করে মন্ত্রী বলেন, এ থেকেই প্রতিফলিত হয় যে সরকার দিব্যাঙ্গদের ক্ষমতায়নে কতটা প্রতিশ্রুতিবদ্ধ।

অনুষ্ঠানে মন্ত্রকের সচিব শ্রী অশ্বিনী কুমার জানান, বিশেষভাবে সক্ষম ব্যক্তিদের অধিকার সংক্রান্ত ২০১৬-র আইনটি সম্প্রতি পাশ হয়েছে এবং এরফলে দিব্যাঙ্গদের ক্ষমতায়নে এক নতুন দিক উন্মোচিত হবে। দৃষ্টিহীন ব্যক্তিদের জাতীয় সংগঠনের সভাপতি শ্রী সন্তোষ কুমার রুঙতা দিব্যাঙ্গদের কল্যাণমূলক প্রকল্পে আন্তরিক সহায়তার জন্য মন্ত্রককে ধন্যবাদ দেন।